চরকুমারিয়া ইসলামিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসা
দাখিল পরীক্ষার্থী
অনলাইন নির্বাচনী পরীক্ষা-২০২১ ইং
বিষয় ঃ বাংলা ১ম পত্র

সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট — পূর্ণমান ঃ ৭০

সৃজনশীল প্রশ্ন ঃ

যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও ঃ

গদ্যাংশ

০১। জন্ম থেকেই দু'পায়ে সমস্যা থাকায় মিনুকে প্রতিবেশীদের নানা কথা শুনতে হতো। কিন্তু সে কারো কথায় দমে না গিয়ে সমবয়সীদের সাথে স্কুলে ভর্তি হয়। প্রচুর পরিশ্রম আর অসাধারণ মেধা খাটিয়ে সে বরাবরই ক্লাশে প্রথম স্থান ধরে রাখতো। আর অবসর সময়ে বাড়ির আঙ্গিনায় নানা জাতের ফুল, ফল আর সবজি আবাদ করে একটি দৃষ্টি নন্দন বাগান তৈরি করে। মিনু তার বাগান থেকে নানা ফুল, ফল ও সবজি গ্রামের মানুষদের বিলিয়ে দেয়। ফলে মিনু এখন গ্রামবাসীর প্রিয়ভাজন হয়ে উঠে।

ক. বানীকণ্ঠ তার মেয়েদের মাঝে কাকে বেশি ভালোবাসত? ০১

খ. সুভার পিতা-মাতার কলিকাতায় চলে যাওয়ায় সিদ্ধান্ত নিল কেন? বুঝিয়ে লেখ। ০২

গ. সুভার প্রতিবেশীদের কোন মানসিকতা মিনুর প্রতিবেশীদের মাঝে ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ০৩

ঘ. উদ্দীপকের মিনু ও 'সুভা' গল্পের সুভা কিভাবে আলাদা? যুক্তি দিয়ে উপস্থাপন কর। ০৪

০২। সেদিনের বিকেলটা ছিল অপরিমেয় আনন্দের বিকেল। সারাদেশের মানুষ খুশিতে আত্মহারা। আনন্দ-অশ্রুর মাখামাখি। দেশে তখনও রক্তের দাগ, মানুষের গলিত লাশ, পোড়া ঘর, গুলিবিদ্ধ মানুষ, সম্ভ্রমহারা নারী, অনাথ শিশু, গ্রেনেডাগত বৃদ্ধ। তবু আনন্দ, বাতাসে জয়ের উত্তেজনা। অনেক রাত পর্যন্ত রাস্তায় ছেলেদের হইচই, উল্লাস, হঠাৎ করে আবার প্রাণবন্ত হয়ে উঠেছে। সেই বিকেলের কথা কোন দিন ভুলব না।

(ক) জেনারেল নিয়াজী কত হাজার সৈন্যসহ আত্মসর্মপন করেছিল। ০১

(খ) পাকিস্তানি সৈন্য আর বিহারিদের পালানোর কারণ কি? ০২

(গ) একাত্তরের দিনগুলির সাথে উদ্দীপকটি কিভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ০৩

(ঘ) উদ্দীপক ও একাত্তরের দিনগুলি মূলত বাংলার স্বাধীনতা যুদ্ধে জয়ের গৌরবেই রচিত। উক্তিটি বিশ্লেষণ কর। ০৪

০৩। বিশ্ববিদ্যালয়ের ছাত্রী সুমাইয়া মা-বাবার সাথে গ্রামের বিয়ে বাড়িতে আসে। এর আগে সে গ্রামের কোনো বিয়ে বাড়িতে যায় নি। সেখানে গায়ে হলুদের বিভিন্ন গান, বর-পক্ষ ও কনে পক্ষের মাঝে নানা ধাঁধাঁ ও ছড়ার প্রতিযোগীতা দেখে সে মুগ্ধ হয়ে যায় মাকে সে বলে শহরের বিয়ে-শাদীতে এসব কেন পরিবেশন করা হয় না? জবাবে তার মা বলে, দূর বোকা, শহরের পরিবেশে কি এগুলো মানায়? তখন সুমাইয়া বলে এগুলোর কারণেই এখানে সবাই অনেক আনন্দ উপভোগ করছে। সে মনস্থির করে ভবিষ্যতে ওগুলো সংগ্রহ করে একটি বই বের করবে।

ক. মনসুর বয়াতি কে? ০১

খ. 'স্বেচ্ছাসেবক দল' বলতে মুহম্মদ শহীদুল্লাহ কাদের বুঝিয়েছেন? বুঝিয়ে লেখ। ০২

গ. সুমাইয়ার মায়ের মানসিকতায় 'পল্লি সাহিত্য' প্রবন্ধে বর্ণিত কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ০৩

ঘ. সুমাইয়ার মানসিকতায় মুহম্মদ শহীদুল্লাহ'র আশাবাদ কতটুকু প্রতিফলিত হয়েছে? যাচাই কর। ০৪

০৪। স্তবক-১

"নূরের দরিয়ায় সিনান করিয়া
কে এলো মক্কায় আমিনার কোলে।"

সমস্ত পূর্ণতা নিয়ে শীর্ষে হয়েছেন তিনি উপনীত অপার সৌন্দর্যে অন্ধকারকে করেছেন তিনি আলোকিত সমগ্র বিশ্বের শান্তির দূত তিনি, হাজার সালাম তাঁকে।

ক. কার গম্ভীর উক্তিতে সকলের চৈতন্য হলো? ০১

খ. বীরবাহু ওমর উলঙ্গ তরবারি হাতে লাফিয়ে উঠলেন কেন? বুঝিয়ে লেখ। ০২

গ. স্তবক-১ এর মাঝে 'মানুষ মুহম্মদ (স:)' রচনা কোন দিকটি প্রতিফলিত হয়েছে। ব্যাখ্যা কর। ০৩

ঘ. উদ্দীপকের দ্বিতীয় স্তবককে 'মানুষ মুহম্মদ (স:)' রচনার সার্বিক ভাবের রুপায়ণ বলা যায় কি? তোমার মতামত দও। ০৪

০৫। আজিম গ্রামের সাধারণ পরিবারের সন্তান। লেখাপড়া শিখে ধনী পরিবারে বিবাহ করে। শশুড় বাড়ির সম্পদের ব্যবসা শুরু করে। তিনি এমন অঢেল সম্পত্তির মালিক। একদিন ট্রাফিক জ্যামে গাড়ি থামলে ১০/১২ বছরের একটি বালক গাড়ির জানালার কাছে ফুলের মালা ধরে বলে, স্যার কিনবেন একটি মালা। আজিম সাহেব ক্ষিপ্ত হয়ে বলেন, যতসব ভিখারির দল, ভাগ এখান থেকে। আজিমের স্ত্রী বলল, কোনো শিক্ষিত মানুষের এমন ব্যভহার মানায় না।

(ক) শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধ মতে মূল্যবোধ লাভের উপায় কি? ০১

(খ) অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি-কেন? বুঝিয়ে লেখ। ০২

(গ) আজিম সাহেবের মধ্যে শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ০৩

(ঘ) "শিক্ষা ও মনুষ্যত্ব" প্রবন্ধের মূল চেতনা যেন আজিমের স্ত্রীর বক্তব্য ফুটে উঠেছে। উক্তিটির যথার্থতা যাচাই কর। ০৪

০৬। প্রথম চাকরিতে রাঙ্গামাটি এসে আরিফ সাহেব বেশ চিন্তায় পড়ে যান। অফিসের পিয়ন প্রগতি তাকে সান্ত্বনা দিয়ে বলে, স্যার আমি থাকতে আপনার কোনো অসুবিধা হবে না। আগামীকাল আমার বোনের বিয়ে, তাই আজই আমার সাথে আমাদের বাড়িতে চলুন। তিনি প্রগতির আন্তরিকতায় মুগ্ধ হয়ে তার বাড়িতে গেলেন। নানা মুখরোচক খাবার দাবার খাওয়ার পর বিকেলে প্রগতি তাকে নিয়ে ঘুরতে বের হয়। পাহাড়ী ঝরণার পাদদেশে বসে তারা উপভোগ করলেন পাহাড়ী কন্যাদের নানা খেলাধুলা ও গান। প্রগতি তখন বলল, "সত্যিই অপরুপ সৌন্দর্যে ভরপুর এই অঞ্চল।"

ক. আব্দুর রহমানের পা দুটি কেমন? ০১

খ. 'সকল কাজের কাজি' বলতে কি বোঝানো হয়েছে? বুঝিয়ে লেখ। ০২

গ. প্রগতির মাঝে আব্দুর রহমানের কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ০৩

ঘ. 'সত্যিই অপরুপ সৌন্দর্যে ভরপুর এই অঞ্চল' প্রগতির এ ভাবনাই যেন আব্দুর রহমানের মাঝে প্রতিফলিত বিশ্লেষণ কর। ০৪

কবিতাংশ

০৭। বাংলা আমার মায়ের ভাষা আমার আশার আলো, মায়ের ভাষা ছাড়া কি আর থাকতে পারি ভালো? সবখানেতে মায়ের ভাষার দিতে হবে দাম। তবেই পূরণ হতে পারে স্বাধীন মনোষ্কাম, মনোযোগী হওনা কেন বাংলা বইয়ের প্রতি বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ুক বাংলা ভাষার জ্যোতি।

ক. 'বঙ্গবাণী' কবিতায় কি পড়তে অভ্যাস নাই বলা হয়েছে? ০১

খ. 'দেশি ভাষা বিদ্যা' বলতে কি বোঝানো হয়েছে? বুঝিয়ে লেখ। ০২

গ. উদ্দীপকের শেষ দু' চরণে 'বঙ্গবাণী' কবিতায় কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ০৩

ঘ. "উদ্দীপকের কবির চেয়ে বাংলা ভাষার প্রতি আব্দুল হাকিমের অবস্থান সুদৃঢ় ও বলিষ্ঠ"- বঙ্গবাণী কবিতার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ০৪

০৮। প্রবাসী তানভির সময় সুযোগের অভাবে দেশে আসতে না পারলেও সে তার গ্রামের কথা বিশেষ করে শৈশবে সোনালী দিন কাটানোপ্রিয় মাদরাসার কথা ভুলতে পারে না। তাই সে প্রায় প্রতিদিনই কারোর না কারোর সাথে ভিডিও কলের মাধ্যমে কথা বলে প্রিয় গ্রামটিকে দেখে নেয়। সে তার গ্রামের রাস্তা-ঘাট, স্কুল-মাদরাসা ও মসজিদ-মন্দিরের উন্নয়নের জন্যে পিতার কাছে প্রতি বছরই নিয়মিতভাবে টাকা পাঠায়।

ক. 'কপোতাক্ষ নদ' কবিতায় কখন 'মায়া-মন্ত্রধ্বনি' শোনার কথা বলা হয়েছে? ০১

খ. 'বঙ্গের সংগীত' বলতে কি বোঝানো হয়েছে? বুঝিয়ে লিখ। ০২

গ. তানভিরের ভিডিও কল করার মধ্যে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ০৩

ঘ. তানভিরের কার্যক্রমের সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার বিষয়বস্তু তুলনামূলক আলোজনা কর। ০৪

০৯। স্তবক-১

যাদের আমরা অবহেলা করি তারাই সেরা জীব আমরা তাদের খাওয়াতে পারি না এতোটাই নির্জীব।

স্তবক-২

হে মোর দূর্ভাগাদেশ! যাদের করেছ অপমান
অপমান হতে হবে তাদের সবার সমান।

ক. মসজিদে কি শিরনি এসেছিল? ০১

খ. 'পূজারী দুয়ার খোল'-কবি পূজারীকে দুয়ার খুলতে বলেছেন কেন? বুঝিয়ে লেখ। ০২

গ. স্তবক-১ এর কোন দিকটি 'মানুষ' কবিতায় ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ০৩

ঘ. স্তবক-২ এ বর্ণিত ভাব মানুষ কবিতায় কতটা প্রতিফলিত হয়েছে বলে তুমি মনে কর। তোমার মতামত দাও। ০৪

১০. যুবাইর ও তার শহুরে বন্ধুরা বনভোজনের জন্য প্রত্যন্ত গ্রাম নবীপুরকে বেছে নেয়। সেখানে গিয়ে তারা দলে দলে নবীপুরের বিশাল বনে, নানা ফসলের মাঠে ও নদী তীরে হৈ হুল্লোর করে ঘুরে বেড়ায়। দুপুরে সবাই নদীতে গোসল শেষে নবীপুরের ঐতিহ্যবাহী খাবার দাবার দিয়ে ভোজন পর্ব শেষ করে। বিকেলে স্থানীয় ছেলে মেয়েদের সাথে কানামছি, গোল্লাছুট, দাড়িয়াবান্দা, হা-ডু-ডুসহ নানা গ্রামীণ খেলায় মেতে উঠে। শেষে গ্রামবাসীদের আমন্ত্রণে তাদের বাড়িতে গিয়ে বাহারী ফলমূল ও পিঠা পায়েস খেয়ে শহরের পথে রওনা দেয়।

ক. 'যাব আমি তোমার দেশে' কবিতায় আপন বাসে কি ফিরবে? ০১

খ. হাবা মেয়ের এলো মাথায় সিঁথি' বলতে কি বোঝানো হয়েছে? বুঝিয়ে লেখ। ০২

গ. যুবাইর ও তার শহুরে বন্ধুদের বনভোজনে যাওয়ার ক্ষেত্রে 'যাব আমি তোমার দেশে' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ০৩

ঘ. উদ্দীপকটি 'যাব আমি তোমার দেশে' কবিতার বিষয়বস্তুকে কতটুকু ধারণ করতে পেরেছে? মূল্যায়ন কর। "উদ্দীপকের গ্রামীণ উচ্ছলতা যেন যাব আমি তোমার দেশে কবিতারই প্রতিচ্ছবি"-বক্তব্যটি মূল্যায়ন কর। ০৪